

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, আগস্ট ২৯, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক শাখা

প্রজ্ঞাপন

ঢাকা, ২২ আগস্ট ২০১৬/০৭ ভাদ্র ১৪২৩

নং ০৪.০০.০০০০.৬১১.০০৬.০০১.১৬.১২১—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির গত ০৩-০৮-২০১৬ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশ মোতাবেক বাংলাদেশের সমুদ্র এলাকায় তেল-গ্যাস অনুসন্ধান/উত্তোলন ও উৎপাদনের নিমিত্ত সমুদ্র এলাকার ভূ-গঠন এবং তেল-গ্যাস প্রাপ্তির সম্ভাবনা সম্পর্কে ধারণা লাভের লক্ষ্যে Non-Exclusive Survey/Multi-Client Seismic Survey পরিচালনার জন্য পেট্রোবাংলা কর্তৃক আহ্বানকৃত আন্তর্জাতিক প্রতিযোগিতামূলক দরপত্র মূল্যায়নের যথার্থতা যাচাই করিবার নিমিত্ত নিম্নরূপ একটি কমিটি গঠন করিয়াছে :

(ক) কমিটির গঠন :

- | | |
|--|------------|
| (১) মাননীয় মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | - আহ্বায়ক |
| (২) মাননীয় প্রতিমন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | - সদস্য |
| (৩) সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | - সদস্য |
| (৪) চেয়ারম্যান, পেট্রোবাংলা | - সদস্য |
| (৫) মহাপরিচালক, সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট | - সদস্য |

(১৪২৮৭)

মূল্য : টাকা ৪.০০

(খ) কমিটির কার্যপরিধি :

বাংলাদেশের সমুদ্র এলাকায় তেল-গ্যাস অনুসন্ধান/উত্তোলন ও উৎপাদনের নিমিত্ত সমুদ্র এলাকার ভূ-গঠন এবং তেল-গ্যাস প্রাপ্তির সম্ভাবনা সম্পর্কে ধারণা লাভের লক্ষ্যে Non-Exclusive Survey/Multi-Client Seismic Survey পরিচালনার জন্য পেট্রোবাংলা কর্তৃক আহ্বানকৃত আন্তর্জাতিক প্রতিযোগিতামূলক দরপত্র মূল্যায়নের যথার্থতা যাচাই করিয়া কমিটি যত দ্রুত সম্ভব প্রতিবেদন দাখিল করিবে।

(গ) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

(ঘ) এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মোস্তাফিজুর রহমান
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)